তারিখ . 06 JUN 2016
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ...

যুগান্তর

# আজকের শিক্ষার্থীরাই জাতির আগামী দিনের কাণ্ডারি

## ——— অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

**স্টাফ রিপোর্টার,** *নবাবগঞ্জ*

আলোকিত সমাজ গড়তে আজকের ছাত্রছাত্রীরাই জাতির ভবিষ্যৎ কাণ্ডারি। তাই ছাত্রজীবনেই সোনালি স্বপ্নের বীজ বপন করতে হবে। রোববার দুপুরে ঢাকার দোহারে মেঘুলা মালিকান্দা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশে প্রধান অতিথির বক্তৃতায় সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি এ কথা বলেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক অজয় কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী সভায় অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি বলেন, আজকের পৃথিবী অনেক পরিবর্তনশীল। তাই ডিজিটাল যুগের শিশু-কিশোরদেরও পরিবর্তনের বিকাশ ঘটাতে হবে। ভালো ফলাফল ও জ্ঞান অর্জনের মাধ্যমে সমাজ, দেশ ও রাষ্ট্রের উন্নয়ন ত্বরান্বিত করতে হবে। তাহলেই বাংলাদেশ এগিয়ে যাবে বিশ্বের দরবারে।

তিনি আরও বলেন, শুধু দেশে নয়— আন্তর্জাতিক পরিমণ্ডলেও তোমাদের অবদান রাখতে হবে। এটা করার জন্য এখন থেকেই সুন্দর জীবন গঠনের পথ বেছে নিতে হবে। সালমা ইসলাম এমপি বলেন, দোহার-নবাবগঞ্জের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান ভালো ফলাফলের মাধ্যমে জাতীয় প্রতিযোগিতায় এগিয়ে যাক এ প্রত্যাশা করি। তিনি শিক্ষকদের উদ্দেশে বলেন, আপনারা চাইলে, মনোযোগী হলে অনেক কিছুই সম্ভব। ঢাকা শহরের সেরা ১০টি স্কুলের সাজেশন অনুসরণ করলে অবশ্যই ভালো রেজাল্ট করা যায়— যে কাজটি আপনাদের করা উচিত। আশা করি, আগামী দিনে আপনারা সে কাজটি করে উদাহরণ সৃষ্টি করবেন।

এ সময় তিনি বিদ্যালয়ের জন্য একটি বৃহৎ জেনারেটর অনুদানের ঘোষণা দেন। এছাড়া সীমানা দেয়াল, মাঠ ভরাট ও অবকাঠামো উন্নয়নের আশ্বাস দেন। অনুষ্ঠানের শেষে এমপি সালমা ইসলাম কৃতী শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন দোহার উপজেলা চেয়ারম্যান আলমগীর হোসেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম আল আমিন, নারিশা ইউপি চেয়ারম্যান সালাহউদ্দিন দরানী।

এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয় পরিচালনা পর্ষদের সদস্য নুরুল হক বেপারি, আবদুল মান্নান, জয়পাড়া কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ তাপস নন্দী, পদ্মা কলেজের অধ্যক্ষ মজিবুল হায়দার, উপজেলা প্রকৌশলী সুশীল চন্দ্র সরকার, জাতীয় পার্টি নেতা ডা. আলাউদ্দিন আল আজাদ, আবদুল আলীম, বশির আহমেদ, হায়দার বেপারি, সাহের মেম্বার, জুবায়ের হোসেন, মনির হোসেন প্রমুখ।